

পরিকল্প নং ১১০
জীবন সৌরভ (কর্পোরেট)
অল্প টাকায় বেশি ঝুঁকি
নিতে চান যদি,
“কর্পোরেট” এর মত পলিসি
যদি হয় সাথী ।

এই পরিকল্প আমাদের সমাজের শুধুমাত্র কিছু বিশেষ শ্রেণীর মানুষের জন্য প্রগতি লাইফ প্রণয়ন করেছে ।
দুর্ঘটনাজনিত যে কোন ঝুঁকি থেকে বীমাবৃত ও তার পরিবারকে খুব অল্প খরচে নিরাপত্তা প্রদান করাই এ
বীমার মূল উদ্দেশ্য । এ বীমাতে মাত্র একবারই প্রিমিয়াম দিতে হয় বলে প্রতিবছর প্রিমিয়াম প্রদানের
ঝামেলা থেকে চিন্তামুক্ত হওয়া যায় ।

একজন বীমাবৃত ৩ বছরের পরিকল্প সর্বোচ্চ ৪ ইউনিটের অথবা ৫ বছরের পরিকল্প সর্বোচ্চ ৩ ইউনিটের অথবা ১০ বছরের পরিকল্প সর্বোচ্চ ২ ইউনিটের পলিসি নিতে পারবেন।

এ পলিসির সাথে সহযোগী বীমা নেয়া যাবেনা।

পরিকল্প নেয়ার ব্যাপারে অবলিখন সংক্রান্ত কতগুলো বিধি নিষেধ রয়েছে। যেমন অশিক্ষিত ও ঝুঁকিপূর্ণ এ কাজের নিয়োজিত ব্যক্তি গণ এ বীমার সুবিধা পাবেন না। বীমা গ্রাহককে শিক্ষিত (নূন্যতম) মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় পাশ) হতে হবে এবং স্বোপার্জিত আয় থাকতে হবে। যে সকল পেশার মানুষকে এ বীমা দেয়া যাবে না তা বিবরণ নিম্নে প্রদত্ত হইল :

যে কোন ধরনের কাজের মিস্ত্রি, ঝালাইকারক, শ্রমিক, ড্রাইভার, ইলেকট্রিশিয়ান, লাইনম্যান, কামার কুমার, কসাই, তাঁতী, গার্মেন্টস শিল্প কর্মরত শ্রমিক/অপারেটর/ সুপার ভাইজার এবং কাটিং মাস্টার, লঞ্চ/ স্টীমার/ নৌকা/ জাহাজে কর্মরত মাঝি/ সারেঙ্গ/ টেকনিশিয়ান ও সহকারী, বয়লার/ ইটের ভাটার শ্রমিক, ছুতার ডক শ্রমিক, ফায়ার ব্রিগেড ও বনজঙ্গলে কর্মরত অফিসার ও কর্মচারী, সামরিক ও আধাসামরিক বাহিনীতে নিয়োজিত অফিসার ও কর্মচারীবৃন্দ।

মহিলাদের বেলায় প্রস্তাবিকাকে অবশ্যই মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে এবং সরকারী, আধাসরকারী এবং বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরীতে থাকতে হবে।

এ ছাড়া অবলিখন বিভাগ প্রয়োজন অনুসারে বিধি নিষেধ আরোপ করতে পারেন।